

# জাকসু নির্বাচনে লড়ছেন যারা

অনলাইন ডেক্স



দীর্ঘ ৩০ বছর পর আজ বৃহস্পতিবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) ও হল সংসদ নির্বাচনে ভোট

হতে যাচ্ছে। নির্বাচনে ২৫ পদের বিপরীতে লড়বেন ১৭৯ জন

প্রার্থী। এছাড়া বিশ্ববিদ্যালয়ের ১১টি ছাত্র হল ও ১০টি ছাত্রী হলের

৩১৫টি পদে লড়বেন ৪৬৭ জন প্রার্থী।

নির্বাচন তফসিল সূত্রে জানা যায়, চূড়ান্ত তালিকা অনুযায়ী

বিশ্ববিদ্যালয়ের ২১টি আবাসিক হলে মোট ভোটার ১১ হাজার

৯১৯ জন।

এর মধ্যে ছাত্র ছয় হাজার ১০২, ছাত্রী পাঁচ হাজার ৮১৭।

জাকসুর ওয়েবসাইটে প্রকাশিত চূড়ান্ত তালিকা অনুযায়ী, নির্বাচনে

২৫ পদের বিপরীতে লড়বেন ১৭৯ জন প্রার্থী। তালিকা বিশ্লেষণে

দেখা যায়, ভিপি পদে চূড়ান্ত প্রার্থী ১০ জন, জিএস পদে ৯ জন

প্রতিদ্বন্দ্বী রয়েছেন। তবে একজন স্বতন্ত্র জিএস পদপ্রার্থী প্রার্থিতা

প্রত্যাহার করায় এখন জিএস পদে লড়বেন মূলত আটজন।

নারী যুগ্ম সাধারণ সম্পাদক পদে ছয়জন ও পুরুষ যুগ্ম সাধারণ

সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বী ১০ জন।

জাকসু নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠন

সমর্থিত প্যানেলের মধ্যে রয়েছে জাতীয়তাবাদী ছাত্রদল সমর্থিত

প্যানেল, গণতান্ত্রিক ছাত্র সংসদ সমর্থিত শিক্ষার্থী এক্য ফোরাম,

ছাত্রশিবির সমর্থিত সমন্বিত শিক্ষার্থী জোট, বৈষম্যবিরোধী ছাত্র

আন্দোলনের সাবেক কেন্দ্রীয় সমন্বয়ক আবদুর রশিদ জিতুর

নেতৃত্বে স্বতন্ত্র শিক্ষার্থী সমিলন, বামপন্থী সংগঠন ও সাংস্কৃতিক

জোট সমর্থিত সম্প্রীতির এক্য। এর বাইরে বামপন্থী সংগঠনগুলোর

অন্য অংশের ‘সংশ্লিষ্ট পর্ষদ’ নামে পাঁচ সদস্যের আংশিক

প্যানেল ও জাহাঙ্গীরনগর সাংস্কৃতিক জোটের একাংশের মুখ্যপাত্র

মাহফুজ ইসলামের নেতৃত্বে আট সদস্যের ‘স্বতন্ত্র অঙ্গীকার

পরিষদ’ নামে আরেকটি আংশিক প্যানেল রয়েছে। এর বাইরে

অনেক প্রার্থী স্বতন্ত্র হিসেবে নির্বাচনে লড়ছেন।

নির্বাচনে সম্প্রীতির এক্য প্যানেলের ভিপির প্রার্থিতা বাতিল

হওয়ায় তাদের প্যানেল ভিপি প্রার্থী ছাড়াই নির্বাচন করতে হচ্ছে।

ভিপি পদে ছাত্রদল সমর্থিত প্যানেলের মো. শেখ সাদী হাসান,

শিক্ষার্থী এক্য ফোরামের আরিফুজ্জামান উজ্জুল, শিক্ষার্থী সমন্বিত

জোটের আরিফুল্লাহ আবিদ ও স্বতন্ত্র শিক্ষার্থী সমিলন জোটের

আবুর রশিদ জিতুর মধ্যে জোরালো প্রতিদ্বন্দ্বিতা হতে পারে বলে  
ধারণা করা হচ্ছে। জিএস পদে ছাত্রদলের তানজিলা হোসাইন  
বৈশাখী, শিক্ষার্থী এক্য ফোরামের আবু তোহিদ মোহাম্মদ সিয়াম,  
শিক্ষার্থী সমন্বিত জোটের মাজহারুল ইসলাম, স্বতন্ত্র শিক্ষার্থী  
সম্মিলনের শাকিল আলী ও সম্প্রীতির এক্য প্যানেলের শরণ  
এহসানের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হবে।

যুগ্ম সাধারণ সম্পাদক পদে (পুরুষ) পদে ছাত্রদলের মো.  
সাজাদউল ইসলাম, স্বতন্ত্র শিক্ষার্থী সম্মিলন নিবিড় ভুইয়া,  
শিক্ষার্থী এক্য ফোরামের জিয়াউদ্দিন আয়ান, সম্প্রীতির এক্য  
প্যানেলের নূর এ তামিম স্রোত এবং শিক্ষার্থী সমন্বিত জোটের  
ফেরদৌস আল হাসানের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হবে।

যুগ্ম সাধারণ সম্পাদক পদে (নারী) ছাত্রদলের আনজুমান আরা  
ইকরা, শিক্ষার্থী সমন্বিত জোটের আয়েশা সিদ্দিকা মেঘলা, শিক্ষার্থী  
এক্য ফোরামের মালিহা নামলাহ ও সম্প্রীতির এক্য প্যানেলের  
ফারিয়া জামান—এই চারজনের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হবে।